

ক্রি. নং: ৩/শেখরসঙ্গ  
৫ প্রাথমিক স্কুল  
০২/০৭/১৭

## ভর্তি ও নিশ্চায়ন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

### (ক) শিক্ষার্থীদের জন্য:

- ১। ভর্তির জন্য নির্বাচিত হয়েও যেসব শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন ফি ১৮৫/- টাকা টেলিটক/রকেট/শিওরক্যাশ এর মাধ্যমে জমা দেয় নাই (Not Confirmed) তারা আগামী ০৪-০৭-২০১৭ তারিখ দুপুর ১ঃ০০ (এক) টার মধ্যে অন-লাইনে উক্ত ফি জমা দিয়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।
- ২। যেসব শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়ে ইতোমধ্যে বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়েছে তাদেরকে ০৪-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রতিষ্ঠান চলাকালীন সময়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
- ৩। যেসব শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়েও বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিবে না অথবা যারা উক্ত ফি জমা দিয়েও কলেজে ভর্তি হবে না তাদের Selection ও প্রাথমিক নিশ্চায়ন আগামী ০৪-০৭-২০১৭ তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ৪। আগামী ০৪-০৭-২০১৭ তারিখে ভর্তি শেষ হওয়ার পর ০৫-০৭-২০১৭ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য আসন অন-লাইনে দেখানো হবে।
- ৫। যেসব শিক্ষার্থী আবেদন করার পরও কোন কলেজে ভর্তির জন্য নির্বাচিত হতে পারেনি- তারা আগামী ০৫-০৭-২০১৭ থেকে ০৭-০৭-২০১৭ তারিখের মধ্যে পূর্বের আবেদনে অপসন পরিবর্তন, প্রতিষ্ঠান সংযোজন/বিয়েজন করতে পারবে। উল্লেখ্য যে এই আবেদনে কমপক্ষে ৭টি ও সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে অপসন প্রদান করতে হবে। আগামী ০৯-০৭-২০১৭ তারিখে প্রদর্শিত শূন্য আসনের বিপরীতে তাদের Selection-এর ফলাফল প্রকাশ করা হবে।
- ৬। যেসব শিক্ষার্থী ইতোপূর্বে ভর্তির জন্য আবেদন করে নাই অথবা আবেদন করে নির্বাচিত হওয়ার পর বোর্ডের রেজিস্ট্রেশন ফি ১৮৫/- টাকা জমা দেয় নাই অথবা নির্বাচিত হওয়ার পর ১৮৫/- টাকা জমা দিয়েছে কিন্তু প্রতিষ্ঠানে ভর্তির চূড়ান্ত কার্যক্রম সম্পন্ন করবে না অর্থাৎ ভর্তি হবে না- তারা আগামী ১৫-০৭-২০১৭ তারিখের পর শুধুমাত্র অন-লাইনে আবেদন করতে পারবে। এ বিষয়ে পরবর্তীতে বিস্তারিত জানানো হবে।

### (খ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য:

- ১। ভর্তির জন্য নির্বাচিত যেসব শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা অন-লাইনে জমা দিয়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে- তাদেরকে প্রতিষ্ঠান কর্তৃক ০৪-০৭-২০১৭ তারিখে মধ্যে অবশ্যই অন-লাইনে চূড়ান্ত নিশ্চায়ন করতে হবে। চূড়ান্ত নিশ্চায়ন না করলে শিক্ষার্থীর Selection, প্রাথমিক নিশ্চায়ন এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।



(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)

সভাপতি, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।